ঢাকা বিশ্ববিদ্যালয়

<u>অকেজো পুরাতন গাড়ি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি</u>

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবহন অফিসের নিয়ন্ত্রণাধীন ০৩টি পুরাতন অকেজো বাস/মিনিবাস যেখানে যে অবস্থায় আছে **Open Tender Method** - এ নিলামে বিক্রয়ের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৫/০৮/২০২৫ তারিখ দুপুর ২.৩০টার মধ্যে পরিবহন ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়/ প্রক্টর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র জমা দিতে হবে। ঐ দিন (২৫/০৮/২০২৫) বিকাল ৩.০০টার সময় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) এবং গঠিত কমিটির সদস্যদের সম্মুখে প্রক্টর মহোদয়ের অফিস কক্ষে দরপত্রগুলি খোলা হবে । বাসগুলি রেজিস্ট্রার অফিসে রাখা আছে এবং অফিস চলাকালীন সময়ে গাড়িগুলো দেখা যাবে। দরপত্রের সাথে তাদের দেয় মূল্যের উপর ১০% হারে টেন্ডার সিকিউরিটি মানি (ফেরত যোগ্য) হিসেবে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পরিবহন ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে জমা দিতে হবে। ০৩টি লটে গাড়ির দরপত্র গ্রহণ করা হবে। লট-নং : ১। বাস নং ঢাকা মেট্রো-চ-৪১৬৭ (১৯৮৪ সনের), লট-নং : ২। বাস নং ঢাকা মেট্রো-চ-৪১৬৮ (১৯৮৪ সনের) ও লট-নং: ৩। মিনিবাস নং ঢাকা মেট্রো-ঝ-০৬-০০৭৩ (১৯৯৪ সনের) কার্যাদেশ পাওয়ার পর ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ টাকা জমা দিয়ে মালামাল বুঝে নিতে হবে । কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পরিবহন ম্যানেজার
ঢাকা বিশ্ববিদ্যালয়